# ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১.▶** সদর ঘাট লক্ষ টার্মিনালে সবুজ হোটেল অবস্থিত। রুচিশীল, মানসম্মত এবং স্বল্পমূল্যের কারণে হোটেলটির যথেষ্ট সুনাম রয়েছে। তাই সব সময় এ হোটেলে ভিড় লেগেই থাকে।

ক. কোন স্থানের ব্যবসায়ের উন্নতি কিসের উর নির্ভর করে? ১
খ. ব্যবসায়ের আন্তর্জাতিক পরিবেশ বলতে কি বোঝায়? ২
গ. সবুজ হোটেলটি কোন পরিবেশ দ্বারা প্রভাবিত। ব্যাখ্যা করো। ৩
ঘ. সবুজ হোটেলের ব্যবসায়িক সফলতার কারণ বিশ্লেষণ করো। ৪

**২.▶** সাথী টেক্সটাইলের শ্রমিকরা মিল গেইটেই নিজেদের অর্থায়নে একটি বিপনী বিতান গড়ে তুলেছে। এখানে তারাই মালিক তারাই ক্রেতা। পরিচালনা ও ব্যবস্থাপনা নির্বাচনের মাধ্যমে হয়ে থাকে । শেয়ার যাই থাকুক সমানভাবে মুনাফা ভাগ করে।

ক. সমবায় পরিচালনার মুখ্য দলিলকে কি বলে? ১
খ. কেন্দ্রীয় সমবায় সমিতি বলতে কি বোঝায়? ২
গ. সমবায় সমিতির কোন নীতির কারণে শ্রমিকরা নির্বাচনে সমানভাবে অংশগ্রহণ করে? বর্ণনা করো। ৩
ঘ. সমবায় সমিতি গঠন করে শ্রমিকরা কীভাবে উপকৃত হয় বলে তুমি মনে করো। ৪

**৩.▶** সাহেদ ও শিপনের দুটি ফার্মেসি রয়েছে। সাহেদ মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রি না করে কোম্পানিকে ফেরত দেয়। কিন্তু শিপন তা বিক্রয় করে। ফলে এলাকার লোকজন শিপনের ফার্মেসি থেকে ঔষধ ক্রয় বন্ধ করে দেয়। এমতাবস্থায় সাহেদ শিপনকে মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় না করতে পরামর্শ দেয়।

ক. রাষ্ট্রের লক্ষ্য কোনটি? ১
খ. মূল্যবোধের স্বরূপ ব্যাখ্যা করো। ২
গ. সাহেদ কীভাবে ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন করছে? বর্ণনা করো। ৩
ঘ. শিপন সাহেদের পরামর্শ গ্রহণ করলে ব্যবসায়ে কী প্রভাব পড়বে বলে তুমি মনে করো? ৪

**৪.▶** গৃহিনী নারগিছ আক্তারে বাড়িতে প্রচুর জলপাই, কামরাঙ্গা জন্মে। এক সময় তিনি এসব ফল দিয়ে আচার বানিয়ে স্থানীয় বাজারে বিক্রি শুরু করে। প্রচুর সাড়া পাওয়ায় তিনি গ্রাম থেকে বিভিন্ন ফল সংগ্রহ করে গড়ে তোলে

Teachingbd.com

'নারগিছ আচার ঘর' নামক আচার তৈরির কারখানা। সেখানে নিজের পাশাপাশি অনেক গৃহিনী নারীর কর্মের সংস্থান হয়েছে।

ক. ঝুঁকিবহুল ব্যবসায়ে কিসের সম্ভাবনা বেশি? ১

খ. জনসংখ্যাকে সম্পদ বলা হয় কেন? ২

গ. নারগিছকে উদ্যোক্তা হতে কোন গুণটি বেশি কাজ করেছে? ব্যাখ্যা করো।৩

ঘ. উদ্যোক্তা হিসেবে নারগিছ কতটা সফল বলে তুমি মনে করো। ৪

৫.▶ মিসেস ডলি চৌধুরী একজন গৃহিনী। একদিন তিনি খবরের কাগজে বিসিক আয়োজিত উদ্যোগ গ্রহণমূলক প্রশিক্ষণের কথা জানতে পেরে ব্লক ও বুটিকের প্রশিক্ষণ গ্রহণ করেন। বিসিক থেকে কিছু ঋণ সহায়তা ও পরামর্শ গ্রহণ করেন।

ক. ইপসিক প্রতিষ্ঠিত হয় কত সালে? ১

খ. ঝুঁকি বলতে কি বোঝায়? ২

গ. মিসেস ডলি চৌধুরীকে প্রদত্ত সহায়তাগুলো কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. ডলি চৌধুরীকে উদ্যোক্তায় পরিণত করতে বিসিকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৬.▶ শাহীন প্রযুক্তি মেলা থেকে একটি ল্যাপটপ ক্রয় করেন। তার বন্ধুরা ছবি দেখেই বুঝতে পারল এটি অ্যাপল কোম্পানির ল্যাপটপ। শাহীন এবং তার বন্ধুরা জানতে পারল ছবিটি রেজিস্ট্রেশন করা থাকায় অ্যাপল কোম্পানি এ ধরনের একক প্রতীক ব্যবহারের সুবিধা পেয়েছে।

ক. পেটেন্ট কোন ধরনরে সম্পদ? ১

খ. ব্যবসায়ে বিমার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. ল্যাপটপের উপরের অর্ধখাওয়া অ্যাপলের ছবিটি কী নির্দেশ করছে? বর্ণনা করো। ৩

ঘ. অ্যাপল কোম্পানির জন্য অ্যাপলের ছবিটি রেজিস্ট্রেশন করা কতটা যৌক্তিক বলে তুমি মন করো। ৪

৭.▶ জনাব জামান চাকরি না পেয়ে বাড়ির এক পাশের জমিতে বাঁশ ও খড়ের সাহায্যে একটি ঘর তৈরি করে পোল্ট্রি ফার্ম গঠন করেন। সুদক্ষ পরিকল্পনা ও কঠোর পরিশ্রমের ফলে তিনি ফার্মকে সম্প্রসারণ করেন। ফার্মে কিছু লোক নিয়োগ করেছেন।

ক. কর্মসংস্থানের প্রধান উৎস কোনটি? ১

খ. আত্মকর্মসংস্থান বলতে কি বোঝ? ২

গ. জনাব জামান এর কাজকে কি বলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আর্থ সামাজিক উন্নয়নে জনাব জামানের মতো ব্যক্তিদের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮.▶ মালঞ্চ একটি প্রতিষ্ঠিত ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির তিনটি ইউনিট রয়েছে যার প্রথমটি সুযোগ-সুবিধা মূল্যায়ন, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ ও যাবতীয়

Teachingbd.com

http://teachingbd.com

পরীক্ষামূলক কার্যাবলি সম্পাদ করে। ২য় ইউনিট পরিকল্পনা প্রণয়ন ও তৃতীয় ইউনিট সময় ও বাজেট সম্পর্কিত কার্যাবলি সম্পাদন করে।

ক. ব্যবস্থাপনার প্রথম মৌলিক কাজ কোনটি? ১
খ. মুক্ত নেতৃত্বের বৈশিষ্ট্য কী কী? ২
গ. মালঞ্চ প্রতিষ্ঠানের ২য় ইউনিট যেসব কার্যাবলি সম্পাদন করে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পরিকল্পনা প্রণয়নে কী কী সুবিধা পাবে বলে তুমি মনে করো। ৪

**৯.▶** শ্রাবন্তী সিলেটের প্রত্যন্ত এলাকায় স্থানীয় কাঁচামালের উপর ভিত্তি করে নিজে ও অভিজ্ঞ কিছু মহিলা কর্মী নিয়ে 'অজানা কারু পণ্য'- নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য দেশি-বিদেশি রুচিশীল ক্রেতাদের নিকট বিক্রয় করেন।

ক. রূপগত উপযোগ সৃষ্টি করে কোনটি? ১
খ. শিল্প বলতে কী বোঝ? ২
গ. শ্রাবন্তীর প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. শ্রাবন্তী আর্থ-সামাজিক উন্নয়নে কিভাবে ভূমিকা রাখছে মূল্যায়ন করো। ৪

**১০.▶** জনাব আমজাদ হোসেন স্থানীয় বাজারে একটি মুদি দোকান দিয়েছেন। তিনি শহর থেকে বিভিন্ন ধরনের জিনিসপত্র ক্রয় করে দোকানে বিক্রি করেন। এ কাজে সহায়তার জন্য তিনি একজন অভিজ্ঞ বিক্রয় কর্মী নিয়োগ দিয়েছেন। সততা ও বিশ্বস্ততার সাথে ব্যবসায় করেন বলে কয়েক বছরেই বেশ উন্নতি করেছেন।

ক. প্রমিতকরণ কী? ১
খ. বিপণন গুরুত্বপূর্ণ কেন? ২
গ. বন্টন প্রণালিতে আমজাদ হোসেনের অবস্থান ব্যাখ্যা করো। ৩
ঘ. মধ্যস্থ ব্যবসায়ী হিসেবে উদ্দীপকের আমজাদ হোসেন যেসব কার্যক্রম সম্পাদন করেন সেগুলো মূল্যায়ন করো। ৪

**১১.▶** রফিক, শফিক ও আরিফ তিন বন্ধু মিলে ইলেক্ট্রনিক্স শো-রুম পরিচালনা করছেন। তাদের ব্যবসায়টি প্রচুর মুনাফা অর্জন করেছে। কিন্তু আরিফ ব্যক্তিগত সমস্যা থাকার কারণে চুক্তি অনুসারে ব্যবসায়টি বিলোপ সাধন করেন। বাকি দুইজন ব্যবসায়টি চালিয়ে নিতে ইচ্ছুক এবং ব্যবসায়টি নিবন্ধনের সিদ্ধান্ত নেন।

ক. সবচেয়ে জনপ্রিয় প্রাচীনতম ব্যবসায় সংগঠন কী? ১
খ. অংশীদারি চুক্তিপত্র ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের তিনবন্ধু কোন ধরনের ব্যবসায় পরিচালনা করেছিলেন? বর্ণনা করো। ৩
ঘ. রফিক ও শফিক ব্যবসায়টি নিবন্ধন করতে চান। এর যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট     পূর্ণমান — ৩০     বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ব্যবসায়ের ক্রমবিকাশের ধারা কয়টি পর্যায়ে বিভক্ত?
ক ২    খ ৩
গ ৪    ঘ ৫

২. কনোকে ম্যাটসুসিটা কোন দেশের বিখ্যাত শিল্পোদ্যোক্তা?
ক আমেরিকা    খ ভারত
গ চীন    ঘ জাপান

৩. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান?
ক শিল্প    খ বাণিজ্য
গ শিক্ষা    ঘ যুব

৪. প্রত্যক্ষ সেবাধর্মী ব্যবসায়—
i. লন্ড্রি    ii. সেলুন
iii. বিউটি পার্লার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৫. ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কয়টি?
ক ৩টি    খ ৪টি
গ ৫টি    ঘ ৬টি

৬. ব্যবসায়ে কী যাচাই একটি জটিল বিষয়?
ক ঝুঁকি    খ নগদ প্রবাহ
গ সক্ষমতা    ঘ সমআয়-ব্যয়

৭. নিচের কোনটি উন্নত জেলা?
ক নওগাঁ    খ লক্ষ্মীপুর
গ নেত্রকোণা    ঘ ভোলা

৮. অর্থায়নের উৎস কয়টি?
ক ৯টি    খ ৮টি
গ ৭টি    ঘ ৬টি

৯. আত্মবিশ্বাস আদর্শ বিক্রয়কর্মীর কোন গুণ?
ক শারীরিক    খ মানসিক
গ নৈতিক    ঘ অন্যান্য

১০. ২০১২ সালের কোন মাস পর্যন্ত সারা দেশে ৭৪টি শিল্প নগরী কার্যালয় স্থাপন করা হয়েছে?
ক জানুয়ারি    খ মার্চ
গ এপ্রিল    ঘ জুন

১১. স্কয়ারের ঔষধ পৃথিবীর কয়টি দেশে রপ্তানি হচ্ছে?
ক ৪০টি    খ ৫০টি
গ ৬০টি    ঘ ৫৫টি

১২. বাংলাদেশ কিসে অনগ্রসর?
ক কৃষি    খ বাণিজ্য
গ শিল্পে    ঘ অর্থনীতিতে

১৩. ব্যবসার সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কি?
ক প্রাথমিক মূলধন    খ পণ্যের চাহিদা
গ যৌথ উদ্যোগ    ঘ সঠিক পণ্য নির্বাচন

১৪. আমাদের দেশে কোন কোন বিষয়ের ঘাটতি নেই?
i. মেধা    ii. মনন
iii. দক্ষতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ ii ও iii
গ i ও iii    ঘ i, ii ও iii

১৫. পেট্রোবাংলার উদ্দেশ্য কী?
ক মুনাফা অর্জন    খ জনকল্যাণ
গ কর আদায়    ঘ অর্থ পাচার

১৬. নতুন পণ্য উদ্ভাবনের জন্য কী প্রয়োজন?
ক সরকারি অনুমোদন
খ অধিক মূলধন
গ ব্যবসায় পরিকল্পনা
ঘ ব্যয়রোধ

১৭. নির্দেশনা প্রক্রিয়ার বহির্ভূত —
i. আদেশ দান    ii. তত্ত্বাবধান
iii. অনুসরণ
নিচের কোনটি সঠিক?
ক i    খ ii
গ iii    ঘ i, ii ও iii

Teachingbd.com

১৮. বিপণন প্রক্রিয়া সহজ করে—
ক) উৎপাদন খ) বিক্রয়িকতা
গ) বিজ্ঞাপন ঘ) প্রমিতকরণ

১৯. ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা কোন ধরনের সহায়তা?
ক) উদ্দীপনামূলক খ) সমর্থনমূলক
গ) সংরক্ষণমূলক ঘ) গ্রহণমূলক

২০. মানুষের ভালোমন্দের বিচার বিশ্লেষণ করে সঠিকটি গ্রহণ করাকে কী বোঝায়?
ক) মূল্যবোধ খ) নৈতিকতা
গ) সামাজিক দায়বদ্ধতা
ঘ) সততা

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
রোজা হস্তশিল্পের ব্যাপারে খুব আগ্রহী। এসব বিষয়ে প্রশিক্ষণ নিয়ে নিজেই একটি কুটির শিল্প শুরু করলেন।

২১. রোজার এ কর্মপ্রচেষ্টাকে কী বলে?
ক) ঝুঁকি খ) শিল্প
গ) উদ্যোগ ঘ) বিনিয়োগ

২২. যেকোনো উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে প্রয়োজন—
i. পরিশ্রম ii. ইচ্ছা
iii. কর্মপ্রচেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. জনাব পলাশের কারবারে ১,০০,০০০ টাকা মুনাফার আশা ছিল। কিন্তু মুনাফা হয়েছিল ৮০,০০০ টাকা। এটি কোন ধরনের ঝুঁকি?
ক) আর্থিক ঝুঁকি খ) অনার্থিক ঝুঁকি
গ) মূলধনের ঝুঁকি ঘ) সম্পদের ঝুঁকি

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. কবিরের গ্রামে প্রচুর পাট উৎপাদন হয়। তিনি পাটজাত দ্রব্যাদি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রির মাধ্যমে বেশ অর্থ উপার্জন করেছেন।

২৪. মি. কবিরের ব্যবসা শুরু করার পূর্বে কোন দিকটি বিবেচনা করেছিলেন?
ক) বাজার চাহিদা
খ) শিক্ষার হার
গ) ব্যবসায়ের ধরন
ঘ) সাংস্কৃতিক পরিবেশ

২৫. মি. কবিরের ব্যবসায়ের সফলতার কারণ —
i. বাজারের আকার বড়
ii. গ্রামটি কৃষিপ্রধান ছিল
iii. আইনগত পরিবেশ অনুকূলে থাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আসিফ তার প্রতিষ্ঠানের কার্য পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ করেন এবং কর্মী নিয়োগ এবং অধঃস্তনদের দায়িত্ব বণ্টন করে দেন।

২৬. মি. আসিফের সম্পাদিত কাজকে কী বলা হয়?
ক) পরিকল্পনা খ) নির্দেশনা
গ) ব্যবস্থাপনা ঘ) নিয়ন্ত্রণ

২৭. মি. আসিফের কার্যের ফলে প্রতিষ্ঠানের—
i. লক্ষ্য অর্জন সহজ হয়
ii. সম্পদের ব্যবহার হয়
iii. কর্মকর্তা, কর্মচারীদের নিয়ন্ত্রণ ও পরিচালনা সহজ হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. জনাব বাহার তার ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে সরকারি সহায়তা গ্রহণ করতে চান। এজন্য তাকে সহায়তা করবে কোনটি?
ক) ব্যবসায় পরিকল্পনা
খ) ব্যাংক ঋণ
গ) বিদেশি ঋণ
ঘ) বাণিজ্যিক আইন

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব সায়হাম গ্রাহকদের উত্তম সেবার কথা চিন্তা করে বাজারে মানসম্মত পণ্য সরবরাহ করে। ভেজালবিহীন পণ্য বিক্রয়ে তার যথেষ্ট সুনাম আছে।

২৯. সায়হামের চিন্তায় কোনটি ফুটে উঠেছে?
ক) ভয় খ) আদর্শ
গ) নৈতিকতা ঘ) উদারতা

৩০. ভেজালবিহীন পণ্য বিক্রয়ের কারণে কারা বেশি উপকৃত হয়?
ক) গ্রাহকরা খ) মহাজনরা
গ) বিক্রেতা নিজে ঘ) দেশবাসী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd.com